সংবাদ

25 FEB 2003

## প্রশ্নোত্তর শিক্ষামন্ত্রী

সংসদ বার্তা পরিবেশক : মাদ্রাসা শিক্ষার ফাজিল ও কামিল ডিগ্রিকে সাধারণ শিক্ষার ব্যাচেলরস ও মাস্টার্স ডিগ্রির সম্মান দেয়া হচ্ছে। সোমবার বিএনপির সদস্য আবদুল মোত্তালিব আকন্দের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক জাতীয় সংসদে একথা জানান।

তিনি জানান, মাদ্রাসা সংস্কার কমিটির সুপারিশ অনুযায়ী মাদ্রাসা শিক্ষার ফাজিল ও কামিল ডিগ্রিকে সাধারণ শিক্ষার ব্যাচেলরস ও মাস্টার্স ডিগ্রির সমমান দেয়ার বিষয়টি বর্তমানে বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে।

তিনি আরও জানান, ইতোমধ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়ার নেতৃত্বে মাদ্রাসা শিক্ষা আইন সংশোধন ও মাদ্রাসা ডিগ্রি সম্পর্কে সুপারিশের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি স্বল্প সময়ের মধ্যে রিপোর্ট পেশ করবে।

অর্থপ্রাপ্তি সাপেক্ষে বেসরকারি স্কুল, কলেজের শিক্ষকদের ১শ' ভাগ বেতন ভাতা দেয়া হবে। রোববার জাতীয় সংসদের অধিবেশনে বিএনপির সদস্য অধ্যাপক শহীদুল ইসলামের এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক একথা জানান।

আওয়ামী লীগের সদস্য শামসুর রহমান শরীফের অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আদায়কৃত বেতন ফি যুক্তিযুক্তকরণের বিষয়ে সরকার সক্রিয়ভাবে চিন্তা-ভাবনা করছে।